

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা
www.dhakadiv.gov.bd

স্মারক নং- ০৫.৪১.৩০০০.০১১.০৬.০৫১.২২-

তারিখ : ০৪/০৮/২০২২

ফরম নং-২৭০

(১৯১৭ সালের বোর্ড ম্যানুয়েলের ১২৯ নং বিধি)

আদেশপত্র

তারিখ..... হইতে..... পর্যন্ত

জেলা.....২০.....সালের..... পর্যন্ত

মামলার ধরণ : জনাব সিরাজুল ইসলাম, বীর মুক্তিযোদ্ধা, ১৮/০২, প্রাইমারী স্কুল রোড, কল্যানপুর, ঢাকা এর গত ২৭/০৭/২০২২ তারিখের আপীল আবেদনের প্রেক্ষিতে (আপীল মামলা নম্বর ২৬/২০২২)।

আদেশের ক্রমিক নং ও তারিখ	আদেশ ও অফিসারের স্বাক্ষর	আদেশের উপর গৃহীত ব্যবস্থা
০৪/০৮/২০২২	<p>জনাব সিরাজুল ইসলাম, বীর মুক্তিযোদ্ধা, ১৮/০২, প্রাইমারী স্কুল রোড, কল্যানপুর, ঢাকা এর গত ২৭/০৭/২০২২ তারিখের আপীল আবেদনের প্রেক্ষিতে ০৪/০৮/২০২২ তারিখ আপীল শুনানীর দিন ধার্য।</p> <p>দেখলাম। আপীলকারী অনুপস্থিত। আপীলকারীর কাগজপত্রাদি পর্যালোচনায় দেখা যায় যে, আপীলকারী সিরাজুল ইসলাম, বীর মুক্তিযোদ্ধা, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী নিম্নবর্ণিত তথ্য চেয়ে জেলা প্রশাসক, গোপালগঞ্জ বরাবর নিম্নোক্ত তথ্য চেয়ে গত ২৬-০৬-২০২২ খ্রি: তারিখ আবেদন করেন।</p> <p>ক) ১৯৭১ সালের মানবতা বিরোধী অপরাধী মুকসুদপুর উপজেলার শাশুনিয়া গ্রামের নওশের আলী মোল্লা ওরফে মন্টু চেয়ারম্যানের বিরুদ্ধে অভিযোগ দায়েরের কারণে তিনি শাশুনিয়া গ্রামের ৭১ এর চেতনার মাঠটি ভূমি অফিসের সহযোগীতায় অবৈধ দখলের কারণে উক্ত দখল উচ্ছেদের জন্য মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রী এবং ভূমি সচিবের নির্দেশ বাস্তবায়নের অগ্রগতির তথ্য চেয়ে গত ২৬/০৬/২২ তারিখের আবেদনের কোন জবাব পাননি।</p>	

সরকার পক্ষে জেলা প্রশাসকের প্রতিনিধির বক্তব্য :

শুনানীতে অংশ নিয়ে সরকার পক্ষে জেলা প্রশাসক, গোপালগঞ্জ এর প্রতিনিধি জনাব লুবনা আহমেদ লুনা, সহকারী কমিশনার ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) লিখিত ও মৌখিক বক্তব্যে জানান যে-

জেলা প্রশাসকের কার্যালয়, গোপালগঞ্জ হতে ৩১ জুলাই ২০২২ তারিখে ০৫.৩০.৩৫০০.০০৫.০১.০০১.২০-৬২৯ নং স্মারকে ডাক বিভাগের ৫৭২ নং রসিদ মোতাবেক রেজিস্ট্রিকৃত ডাকযোগে ০১.০৮.২০২২ তারিখে বীর মুক্তিযোদ্ধা জনাব সিরাজুল ইসলামকে অবহিত করণের জন্য পত্র প্রেরণ করা হয়েছে। উল্লেখ্য যে, তথ্য অধিকার ২০০৯ এর ৯(২)(১) উপ-ধারা অনুযায়ী অনুরোধকৃত তথ্যের সহিত একাধিক তথ্য প্রদান ইউনিট বা কর্তৃপক্ষের সংশ্লিষ্টতা থাকিলে অনধিক ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে উক্ত অনুরোধকৃত তথ্য সরবরাহ করিতে হইবে। এক্ষেত্রে আবেদনখানা ০৩.০৭.২০২২ তারিখের প্রাপ্তির পর ১৭.০৮.২০২২ তারিখে (সরকারি ছুটির দিন ব্যতীত) ৩০ (ত্রিশ) কার্যদিবস পূর্ণ হবে। কিন্তু আবেদনকারী ৯ (১) ও (২) ধারা লঙ্ঘন করে ১৭ তম কার্যদিবসে ২৫.০৭.২০২২ তারিখে আপীল দায়ের করেছেন বিধায় আপীল খারিজযোগ্য।


আপীলকারীর বক্তব্য :

আপীলকারী সিরাজুল ইসলাম, বীর মুক্তিযোদ্ধা অনুপস্থিত তবে তিনি ০৩.০৮.২০২২ তারিখে আপীল আবেদন প্রত্যাহারের জন্য লিখিত আবেদন করেন। আবেদনে তিনি উল্লেখ্য করেছেন -

তথ্য অধিকার আইন মোতাবেক তথ্য প্রাপ্তির জন্য গত ২৬/০৬/২০২২ তারিখে গোপালগঞ্জ জেলা প্রশাসকের কার্যালয়ে আবেদন করেছিলাম কিন্তু যথাসময়ে উক্ত তথ্য না পেয়ে গত ২৫/০৭/২০২২ তারিখে আপনার দপ্তরে আপীল আবেদন জানাই। পরবর্তীতে গত ০১/০৮/২০২২ তারিখ ০১৭৪০৯২৬৫০৫ নং ফোনে জেলা প্রশাসক, গোপালগঞ্জ কার্যালয় হতে আমাকে জানানো হয় যে, ২৬/০৬/২০২২ তারিখের তথ্য ডাকযোগে প্রেরণ করা হয়েছে। এমতাবস্থায়, আপনার কার্যালয়ের ২৫/০৭/২২ তারিখের আপীল আবেদন প্রত্যাহারের আবেদন জানাচ্ছি।



	<p>পর্যালোচনা : সরকার পক্ষে জেলা প্রশাসক, গোপালগঞ্জ এর প্রতিনিধি বক্তব্য শুনলাম। লিখিত বক্তব্য ও দাখিলকৃত প্রমাণক পর্যালোচনা করলাম। জেলা প্রশাসকের কার্যালয়, গোপালগঞ্জ হতে আপীলকারী বরাবর তথ্য সরবরাহ সংক্রান্ত পত্র প্রেরণ করা হয়েছে এবং আপীলকারী আপীল মামলা প্রত্যাহারের আবেদন করেছেন।</p> <p>আদেশ : শুনানীঅন্তে আদেশ হয় আপীলকারী সিরাজুল ইসলাম, বীর মুক্তিযোদ্ধা এর দাখিলকৃত আপীল মামলা প্রত্যাহার আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত আবেদনটি মঞ্জুরপূর্বক আপীলটি নিষ্পত্তি করা হলো। দাখিলকৃত কাগজপত্র নথিতে সংযুক্ত করা হোক ও সংশ্লিষ্ট সকলকে আদেশের কপি সরবরাহ করা হোক।</p>	
--	---	--



(জাহিরুল ইসলাম)

অতিরিক্ত বিভাগীয় কমিশনার (উন্নয়ন)
ঢাকা বিভাগ, ঢাকা।

স্মারক নং-০৫.৪১.৩০০০.০১১.০৬.০৫১.২২- ১৬(৭)

তারিখ : ০৪/০৮/২০২২

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। প্রধান তথ্য কমিশনার, তথ্য কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা।
- ৩। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। জেলা প্রশাসক, গোপালগঞ্জ।
- ৫। সিনিয়র সহকারী কমিশনার (আইসিটি), বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা।
(এ কার্যালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৬। কমিশনারের একান্ত সচিব, ঢাকা বিভাগ, ঢাকা (বিভাগীয় কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৭। জনাব সিরাজুল ইসলাম, বীর মুক্তিযোদ্ধা, ১৮/০২, প্রাইমারী স্কুল রোড, কল্যানপুর, ঢাকা।
(ফোন ০১৭১৬৫৮৩৫২২)।


(আল মামুন)

সিনিয়র সহকারী কমিশনার (উন্নয়ন)
ঢাকা বিভাগ, ঢাকা।